দৈনিক বাংলা

244

তারিখ ... 13 DEC 1995 ... ...
পৃষ্ঠা ৮ কলাম .. ২......

# সলিমুল্লাহ হলে সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার আহ্বান

সোমবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয় প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির একসভা অনুষ্ঠিত হয়। সভায় সলিমুল্লাহ হলে বিরাজমান পরিস্থিতি নিয়ে আলোচনা করা হয়। সভা লক্ষ্য করে যে, সলিমুল্লাহ হলে অবস্থানরত এক সন্ত্রাসী ও তার সহযোগীদের সন্ত্রাসমূলক কার্যকলাপের জন্য হলের ছাত্র-শিক্ষক-কর্মচারীবৃন্দ নিরাপত্তাহীন অবস্থায় আছেন। এই সন্ত্রাসীদের জন্য হলের প্রশাসনিক কার্যকলাপ পরিচালনা প্রায় সম্পূর্ণরূপে অকার্যকর অবস্থায় পৌঁছেছে। এ ব্যাপারে ইতিপূর্বে আইন-শৃংখলা রক্ষাকারী কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু আজও কার্যকর পদক্ষেপ নেয়া হয়নি। সভা মনে করে, এ পরিস্থিতি চলতে থাকলে হল প্রশাসন তথা বিশ্ববিদ্যালয় প্রশাসনে মারাত্মক জটিলতা সৃষ্টি হবে। এই প্রেক্ষিতে সভা পুনরায় সংশ্লিষ্ট আইন-শৃংখলা রক্ষাকারী কর্তৃপক্ষকে উপরোক্ত সন্ত্রাসীদের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানায়।